

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৩৬

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ অঢেল সম্পদ থেকে প্রচুর দান অপেক্ষা অল্প সম্পদ থেকে সামান্য দান উত্তম

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَدَقَةَ الْقَلِيلِ مِنَ الْمَالِ الْيَسِيرِ أَفْضَلُ مِنْ صَدَقَةِ الْكَثِيرِ مِنَ الْمَالِ الوافر

আরবী

3336 ـ أَخْبَرَنَا حَاجِبُ بْنُ أَرْكِينَ الْفَرْغَانِيُّ بِدِمَشْقَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ: حَدَّثَنَا صَفْوَانُ بْنُ عِيسَى , عَنِ ابْنِ عَجْلَانَ , عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي مَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (سبق درهم مئة ألف) فقال رجل: وكيف ذاك يارسول اللَّهِ؟ قَالَ: (رَجُلُ لَهُ مَالٌ كَثِيرٌ أَخَذَ من عُرضه مئة أَلْفٍ فَتَصَدَّقَ بِهَا وَرَجُلٌ لَيْسَ لَهُ إِلَّا درهمان فأخذ أحدهما فتصدَّق به)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3336 ا خلاصة حكم المحدث: حسن ـ ((التعليق الرغيب)) (2/ 28).

বাংলা

৩০৩৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "এক দিরহাম এক লক্ষ দিরহামকে ছাড়িয়ে গেছে!" তখন এক ব্যক্তি বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা কিভাবে?" জবাবে তিনি বলেন, "একজন মানুষের প্রচুর সম্পদ রয়েছে। সে সেখান থেকে এক লক্ষ দিরহাম নিয়ে দান করলো। আরেক ব্যক্তির কাছে মাত্র দুই দিরহাম রয়েছে, সে সেখান থেকে এক দিরহাম নিয়ে দান করে।"[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৫/৫৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৪৩; হাকিম: ১/৪১৬; সুনান বাইহাকী: ৪/১৮১-১৮২; মুসনাদ আহমাদ: ২/৩৭৯।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকুর রাগীব:২/২৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন